

গ্রীন ব্যাংকিং এন্ড সিসএসআর ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

জিবিসিএসআরডি সার্কুলার নং : ০১

তারিখঃ জানুয়ারি ২০, ২০১৫
মাঘ ০৭, ১৪২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

দৃষ্টিপ্রতিবন্ধীসহ অন্যান্য সকল প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য ব্যাংকিং সেবা নিশ্চিতকরণ প্রসঙ্গে।

অর্থনৈতিক উন্নয়নে দৃষ্টিপ্রতিবন্ধীসহ অন্যান্য সকল প্রতিবন্ধীদের অংশগ্রহণের নিমিত্তে ব্যাংকিং সেবা নিশ্চিতকরণে বাংলাদেশ ব্যাংক বিভিন্ন নির্দেশনা প্রদান করেছে। পরিপালনের সুবিধার্থে এবং ব্যাংকিং খাতে তাদের অবাধ অংশগ্রহণ নিশ্চিতকরণের জন্য ইতোপূর্বে জারীকৃত নির্দেশনাসমূহ এবং এ সংশ্লিষ্ট অতিরিক্ত নির্দেশনা সকল ব্যাংকের পরিপালনের জন্য জারী করা হলো :

(১) ব্যাংক হিসাব পরিচালনা সহজিকরণঃ

অক্টোবর ২৮, ২০০৯ তারিখের বিআরপিডি সার্কুলার নং-১৪ অনুযায়ী সকল তফসিলি ব্যাংক প্রতিবন্ধী ব্যক্তিদের নিকট ব্যাংকিং সেবা সুবিধাজনক ও সহজতর করার লক্ষ্যে ব্যাংকের প্রতি শাখায় একজন কর্মকর্তাকে ফোকাল ব্যক্তি নির্ধারণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

একই সাথে ব্যাংকগুলোকে প্রতিবন্ধী গ্রাহক, বিশেষভাবে দৃষ্টি প্রতিবন্ধীদের হিসাব খোলা ও পরিচালনার জন্য ফিঙ্গারপ্রিন্টের মাধ্যমে গ্রাহক সনাক্তকরণ, বাহককে প্রদেয় চেকের জন্য স্পেশাল পিন নম্বর ব্যবহার এবং প্রতিবন্ধীদের ব্যাংকিং সেবা গ্রহণ উদ্বুদ্ধকরণে ব্যাংক হিসাব পরিচালনা সহজীকরণের বিষয়টি প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

(২) ন্যূনতম জমায় ব্যাংক হিসাব খোলাঃ

জুন ১৯, ২০১১ তারিখের বিআরপিডি সার্কুলার নং-০৫ অনুযায়ী সমাজকল্যাণ মন্ত্রণালয়াধীন সমাজসেবা অধিদপ্তর কর্তৃক পরিচালিত সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় অসচ্ছল প্রতিবন্ধী ভাত্যোগীগণ জাতীয় পরিচয়পত্র ও পিপিও (Pension Payment Order) নম্বর সম্বলিত ভাত্য পরিশোধ বই এর বিপরীতে ১০ টাকা জমা করণপূর্বক নিজ নামে ব্যাংক হিসাব খুলতে পারবেন। এ সকল হিসাবে ন্যূনতম স্থিতি রাখার বাধ্যবাধকতা নেই এবং কোন প্রকার চার্জ/ফি প্রযোজ্য নয়। চেকবই এর অপ্রতুলতার ক্ষেত্রে ভাউচারের মাধ্যমেও এ সকল হিসাবে লেনদেন করা যাবে।

একই সাথে দৃষ্টিপ্রতিবন্ধীসহ অন্যান্য সকল প্রতিবন্ধীগণের ব্যাংকিং সেবা প্রাপ্তি সহজতর করার লক্ষ্যে, জাতীয় পরিচয়পত্রের অনুকূলে ১০(দশ) টাকা জমাকরণপূর্বক ব্যাংক হিসাব খোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যও আপনাদেরকে পরামর্শ প্রদান করা হলো। এ সকল হিসাবের ক্ষেত্রেও উপরোল্লিখিত ন্যূনতম স্থিতি, চার্জ/ফি এবং ভাউচার সংক্রান্ত বিধানগুলো প্রযোজ্য হবে।

এতদসংক্রান্ত তথ্যাদি ১০ টাকা ও ১০০ টাকায় ব্যাংক হিসাব খোলার সাপ্তাহিক, মাসিক ও ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনে অন্তর্ভুক্তকরণঃ তা যথানিয়মে অত্র বিভাগে দাখিল করতে হবে।

(৩) উদ্যোক্তা হিসেবে অগ্রাধিকার প্রদান :

সেপ্টেম্বর ১১, ২০১৩ তারিখের এসএমইএসপিডি সার্কুলার নং-০১ এর মাধ্যমে দৃষ্টিপ্রতিবন্ধীসহ সকল প্রতিবন্ধী উদ্যোক্তাদের মধ্যে ঋণ বিতরণ কার্যক্রম উৎসাহিতকরণে 'বাংলাদেশ ব্যাংক ফান্ড' নীতিমালায় নিম্নরূপ সংশোধন/সংযোজন সাধিত হয়েছে :

- (ক) দৃষ্টিপ্রতিবন্ধীসহ সকল প্রতিবন্ধী এসএমই উদ্যোক্তাগণকে ১০% (ব্যাংক রেট+ ৫%) সুদ হারে প্রদানকৃত ঋণের বিপরীতে উক্ত ফান্ডের আওতায় তহবিল পর্যাপ্ততা সাপেক্ষে ১০০% পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হবে।
- (খ) দৃষ্টিপ্রতিবন্ধীসহ সকল প্রতিবন্ধী এসএমই উদ্যোক্তাগণের ক্ষেত্রে পুনঃঅর্থায়নের সীমা সর্বনিম্ন ১০ (দশ) হাজার টাকা থেকে সর্বোচ্চ ৫ (পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত নির্ধারণ করা হল।
- (গ) প্রতিবন্ধীদেরকে ঋণ প্রদানের ক্ষেত্রে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং বাংলাদেশ ব্যাংকের বিদ্যমান নীতিমালা অনুসরণ করতে হবে।

ব্যাংকের নিজস্ব নীতিমালা অনুসরণ করে এবং 'বাংলাদেশ ব্যাংক ফান্ড' এর আওতায় প্রতিবন্ধীদের ঋণ প্রদান কার্যক্রম সম্প্রসারিত ও উৎসাহিত করার জন্য ব্যাংকসমূহ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে।

(৪) বার্ষিক কার্যক্রমে ও বাজেট বরাদ্দে অগ্রাধিকার প্রদানঃ

দৃষ্টিপ্রতিবন্ধীসহ সকল প্রতিবন্ধীদের জন্য ব্যাংকের বার্ষিক কার্যক্রমে সহায়ক কর্মসূচী প্রণয়ন এবং বাজেট বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদেরকে পরামর্শ প্রদান করা যাচ্ছে। সিএসআর কর্মসূচীর আওতায় এ সকল ব্যয় সম্পন্ন হতে পারে।

উল্লিখিত নির্দেশনাসমূহ অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মনোজ কুমার বিশ্বাস)

মহাব্যবস্থাপক

ফোন নং : ৯৫৩০৩২০

ফ্যাক্সঃ ৯৫৩০৩২৭

ই-মেইলঃ manoj.biswas@bb.org.bd
gm.gbcsrd@bb.org.bd